গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
www.dwa.gov.bd

## বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন:

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০২১.২৫.০০১.১৮-৬৮ তারিখ-২৭/২/২৫

গত ২৫/১২/২০২৪ তারিখ বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ময়মনসিংহ জেলার উপপরিচালক (চ:দা:) নাজনীন সুলতানা এবং রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্রের উপপরিচালক (অ:দা:) মোঃ মাহবুবুর রশিদ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সরকারী ছুটির দিন হলেও ১৩০ জন প্রশিক্ষণার্থী কেন্দ্রে অবস্থান করছিলেন। প্রশিক্ষণার্থীদের সাথে আলোচনা করে জানা যায় তারা বেশ আন্তরিকতার সাথে প্রশিক্ষণ গ্রহণ করছেন।

প্রশিক্ষণ কেন্দ্রের পরিবেশ খুবই মনোরম, পরিস্কার পরিচ্ছন্ন, ফুলগাছসহ অন্যান্য গাছপালাও সারিবদ্ধভাবে লাগানো হয়েছে। উপপরিচালক (অ:দা:) এর আন্তরিকতায় রুটিন অনুযায়ী প্রশিক্ষনার্থীদের দিয়ে প্রশিক্ষণের পাশাপাশি গাছের পরিচর্যা করানো হয়। বিউটিফিকেশন সেন্টারটারটির মান যথেষ্ট ভালো তবে পানি সরবরাহ নাই। একমাত্র আবাসিক বিল্ডিং সময়ের ব্যবধানে জরাজীর্ণ আকার ধারণ করেছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের নিজস্ব অর্থায়নে পরিচালিত ট্রেনিং সেন্টারের দুর্বল দিক, কোন গেষ্ট হাউজ না থাকা।

### সুপারিশসমূহ:

১। বিউটিফিকেশুন সেন্টারটারটিতে পানি সরবরাহের ব্যবস্থা করা।
২। একমাত্র আবাসিক বিল্ডিংয়ের সংস্কার করা যেতে পারে।
৩। ট্রেনিং সেন্টারের অফিস ভবনটি একতলা বিশিষ্ট । অফিস ভবনের উপরে নিজস্ব গেষ্ট হাউজ করা যেতে পারে, যা নিঃসন্দেহে ট্রেনিং সেন্টারের গুরুত্ব আরো বৃদ্ধিতে ভূমিকা রাখবে বলা যেতে পারে।

২৭/০২/২৫

মর্জিনা ইয়াসমিন
প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস)
ও ফোকাল পয়েন্ট
এপিএ টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।